# RAMAKRISHNA VIVEKANANDA MISSION
## MODEL ANSWER FOR ANNUAL EXAM 2020
### SUB : - BENGALI
CLASS - IV　　　　Full Marks - 100

**A) সঠিক উত্তরের পাশে টিক চিহ্ন দাও:-** (1x50=50)

1) পুজনীয় ব্যক্তির প্রতি শ্রদ্ধা বলতে বোঝায়-
   a) সাহস ( ) / b) ভক্তি (√ ) / c) প্রনাম ( )
2) সম্মান শব্দের বিপরীত শব্দ হল-
   a) কৃতজ্ঞ ( ) / b) শ্রদ্ধা ( ) / c) অসম্মান (√ )
3) দেখব এবার জগতটাকে- কবিতাটির রচয়িতা হলেন-
   a) নজরুল ইসলাম (√ ) / b) রবিন্দ্রনাথ ঠাকুর ( ) / c) সত্যেন্দ্রনাথ দত্ত ( )
4) গ্যাসের আলো আবিষ্কার করেছিলেন-
   a) মার্ডক (√ ) / b) ফ্রাঙ্কলিন ( ) / c) এডিসন ( )
5) গ্রামের তরুনীরা কোন গাছের তলায় দাঁড়িয়েছিল?
   a) শাল ( ) / b) মহুয়া (√ ) / c) অজুন ( )
6) বায়ু অপেক্ষা শীঘ্রতর-
   a) মন (√ ) / b) চিন্তা ( ) / c) নদী ( )
7) টর্চ বৈদ্যুতিক শক্তি পায় কি থেকে ?
   a) ব্যাটারি (√ ) / b) বিদ্যুৎ ( ) / c) গ্যাস ( )
8) আপনি কি কখনো ভগবান দেখেছেন- কথাটি বলেছেন
   a) নরেন (√ ) / b) রামকৃষ্ণ ( ) / c) রামকুমার ( )
9) পৃথিবী অপেক্ষা গুরুতর-
   a) মাতা (√ ) / b) মন ( ) / c) পিতা ( )
10) বকশিশ শব্দটি কোন ভাষার অন্তর্গত-
   a) ফারসি (√ ) / b) আরবি ( ) / c) সংস্কৃত ( )
11) গোপনে শব্দের বিপরীত শব্দ হল
   a) প্রকাশ্যে ( √) / b) আড়ালে ( ) / c) নিভৃতে ( )
12) নরেন্দ্রনাথের বাড়ী কোথায় অবস্থিত ছিল-
   a) মধ্য কলকাতা ( ) / b) দক্ষিণ কলকাতা ( ) / c) উত্তর কলকাতা (√ )
13) বীনা বাড়ি গেল- বাক্যটি কোন পুরুষের উদাহরণ?
   a) প্রথম পুরুষ (√ ) / b) মধ্যম পুরুষ ( ) / c) উত্তম পুরুষ ( )
14) শ্রীকৃষ্ণের পিতার নাম -
   a) দশরথ ( ) / b) বসুদেব (√ ) / c) শুদ্ধোধন ( )
15) যথা + ইচ্ছা- সন্ধি করলে হয়
   a) যথেচ্ছা (√ ) / b) ইচ্ছা ( ) / c) যথার্থেচ্ছা ( )
16) সাঁঝ শব্দের অর্থ কি?
   a) সন্ধ্যাবেলা (√ ) / b) সকালবেলা ( ) / c) ভোরবেলা ( )
17) বাতাস শব্দের সমার্থক শব্দ হল-
   a) পবন (√ ) / b) নীর ( ) / c) শৈল ( )

18) দেওঘর কোন রাজ্যে অবস্থিত-

a) বিহার ( ) / b) উড়িষ্যা ( ) / c) ঝাড়খন্ড ( √)

19) বেগ দ্বারা বৃদ্ধি পায়-

a) নদী (√ ) / b) মন ( ) / c) বায়ু ( )

20) মার্ডক কোন দেশের অধিবাসী ছিলেন-

a) স্কটল্যান্ড (√ ) / b) ইংল্যান্ড ( ) / c) জার্মানী ( )

21) চন্দ্রামনি দেবী কার মা ছিলেন-

a) রামকৃষ্ণ ( √) / b) নরেন ( ) / c) রামপ্রসাদ ( )

22) বচন কয় প্রকার-

a) ৩ ( ) / b) ২ ( √) / c) ৪ ( )

23) পুত্র লাভের জন্য কাশীধামে কে গিয়েছিলেন?

a) চন্দ্রমনি দেবী ( ) / b) ভুবনেশ্বরী দেবী (√ ) / c) প্রসন্নময়ী দেবী ( )

24) দর্শন শাস্ত্রে যিনি পন্ডিত তাকে বলে-

a) দার্শনিক (√ ) / b) দর্শন ( ) / c) করণিক ( )

25) পাহাড়ের নীচে হাট রচনাটিতে কোন আদিবাসীদের কথা বলা হয়েছে?

a) সাওতাল ( ) / b) মুন্ডা ( ) / c) হো (√ )

26) বঙ্কিমচন্দ্র চট্টপাধ্যায়ের একটি উল্লেখযোগ্য উপন্যাস হল-

a) চাঁদের পাহাড় ( ) / b) আনন্দমঠ ( √) / c) কথামৃত ( )

27) নিকৃষ্ট শব্দের অর্থ হল-

a) খারাপ (√ ) / b) একতা ( ) / c) দক্ষতা ( )

28) 'এই একটা আকর্ষনের বস্তু বটে এদের জীবনে '- আকর্ষনের বস্তুটি হল

a) মুরগির লড়াই (√ ) / b) হাটের কেনাবেচা ( ) / c) হাটের জনসমাগম ( )

29) কে কুকুরটিকে মেরে তাড়িয়ে দেয়, খেতে দেয় না?

a) বামুন ঠাকুর ( ) / b) মালিবউ (√ ) / c) চাকর ( )

30) মিতুলের গৌতমকাকু একজন কি?

a) বিজ্ঞানী (√ ) / b) ডাক্তার ( ) / c) দার্শনিক ( )

31) রবীন্দ্রনাথ ঠাকুর সাহিত্যে নোবেল পুরস্কার পান কত সালে?

a) ১৯৩১ ( ) / b) ১৯২১ ( ) / c) ১৯১৩ (√ )

32) আঁধার শব্দের বিপরীত শব্দ হল-

a) কালো ( ) / b) আলো (√ ) / c) ভোর ( )

33) সরকারের দেওয়া ------------- উপাধি রবীন্দ্রনাথ ঠাকুর প্রত্যাখ্যান করেন।

a) নাইট (√ ) / b) রাইট ( ) / c) ফাইট ( )

34) বহু মানুষের মিলনস্থলকে এককথায় কি বলে?

a) মেলা (√ ) / b) নাগরিক ( ) / c) জনসভা ( )

35) কাজী নজরুল ইসলাম কি নামে পরিচিত?

a) পল্লীকবি ( ) / b) বিদ্রোহী কবি ( √) / c) জনপ্রিয় কবি ( )

36) গো + অক্ষ= গবাক্ষ- এটি কোন সন্ধির উদাহরণ?

a) স্বরসন্ধি ( ) / b) ব্যঞ্জনসন্ধি ( ) / c) নিপাতনে সিদ্ধ সন্ধি ( √)

37) ক্ষত্রিয়ের অসাধুভাব হল শরনাগত কে-

a) আশ্রয়দান ( ) / b) অসম্মান ( ) / c) পরিত্যাগ (√ )

38) 'বাক' শব্দের মানে হল-

a)কথা (√ ) / b) ভাষা ( ) / c) ব্যাথা ( )

39) বাংলা বর্নমালায় -------- টি ব্যঞ্জনবর্ন আছে।

a) ৩৫ টি ( ) / b) ৪০ টি (√ ) / c) ১০ টি ( )

40) বাগযন্ত্রের সবচেয়ে কম চেষ্টায় শব্দের উচ্চারিত অংশ হল-

a) অক্ষর (√ ) / b) ধ্বনি ( ) / c) বর্ন ( )

41) 'বিজ্ঞানের আলো'- গল্পটি কার লেখা?

a) স্বপ্না চক্রবর্তী (√ ) / b) স্বপ্না মুখার্জী ( ) / c) স্বপ্না দত্ত ( )

42) একটি বহুবচনের উদাহরন হল-

a) বড়ো মাথা ( ) / b) অনেক বড়ো মাথা ( ) / c) বড়ো বড়ো মাথা (√ )

43) 'র বে ভো লা' - সাজিয়ে শব্দ তৈরী করলে হবে

a) ভোরবেলা (√ ) / b) ভোলারবে ( ) / c) বেলাভোর ( )

44) একটি মধ্যমপুরুষের উদাহরন হল

a) আপনাকে (√ ) / b) তাহারা ( ) / c) মোরা ( )

45) তিনি মা ভবতারিনী ------------ মন্দিরে নিত্য তার পূজো হয়।

a) কালীঘাট ( ) / b) নবদ্বীপ ( ) / c) দক্ষিনেশ্বর (√ )

46) যুধিষ্ঠিরের আদেশে নকুল কোন গাছে উঠে চারদিকে দেখলেন?

a) বট গাছ (√ ) / b) আম গাছ ( ) / c) কাঁঠাল গাছ ( )

47) মিতুলের মন খারাপ কারণ ----------- পরীক্ষায় সে ভাল নম্বর পায় নি।

a) অংক ( ) / b) বাংলা ( ) / c) বিজ্ঞান (√ )

48) হাটের শেষে হয় কার লড়াই ?

a) মুরগীর ( √) / b) হাঁসের ( ) / c) কুকুরের ( )

49) মাত্র কত বছর বয়সে বঙ্কিমচন্দ্র এর প্রথম উপন্যাস দুর্গেশনন্দিনী প্রকাশিত হয়?

a) ২২ ( ) / b) ২৪ ( ) / c) ২৭ (√ )

50) 'ছোটদের প্রিয় কাল্পনিক কাহিনী'- এককথায় কি বলা হয়?

a) রুপকথা (√ ) / b) ইতিকথা ( ) / c) কথাবার্তা ( )

B.) <u>নীচের প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর দাও:-</u> (2.5X6=15)

**a) হাট কোথায় বসেছিল? হাটে কি কি জিনিস বিক্রি হচ্ছিল?**

হাট একটা গ্রামে পাহাড়ের নীচে বসেছিল।

হাটে বিক্রি হচ্ছিল বিচিওয়ালা বেগুন, টমেটো, পেঁয়াজ, শুঁটকি মাছ, নালসে পিপড়ের ডিম, সরু সীতাশাল চাল, মাটির হাঁড়িকুড়ি, মহুয়ার তেল, তাঁতের তৈরী মোটা কাপড় ও গামছা।

**b)'আমার কাছে কী একটা নালিশ জানাতে চায়'- কে, কার কাছে কী একটা নালিশ জানাতে চায়?**

লেখক শরৎচন্দ্র চট্টোপাধ্যায়কে পথের কুকুরটা জানাতে চায় যে বাগানের মালি তাকে মেরে ধরে তাড়িয়ে দেয় এবং কিছু খেতেও দেয় না।

**c)'তাই নিয়ে মিতুলের মনে খুব গর্ব'- কোন গল্পের লাইন? গর্ব শব্দের অর্থ কি? কাকে নিয়ে মিতুলের মনে কেন খুব গর্ব?**

'বিজ্ঞানের আলো গল্পের লাইন। গর্ব শব্দের অর্থ অহংকার।

গৌতমকাকু একজন বিজ্ঞানী। যাদবপুরের একটি বিখ্যাত বিজ্ঞান প্রতিষ্ঠানের সাথে তিনি যুক্ত আছেন। তার ধারনা গৌতমকাকুর অজানা এ জগতে কিছুই নেই। তাই তার মনে কাকুকে নিয়ে খুব গর্ব।

**d)কবি জ্যোতিরিন্দ্র মৈত্র তার কোন কবিতায় 'ছোটোর' প্রতীক হিসাবে কার হয়ে কথা বলেছেন এবং 'ছোটো' বলে তার কি ব্যাখ্যা দিয়েছেন?**

কবি তার লেখা আমরা ঘাসের ছোট ছোট ফুল কবিতায় ছোটোর প্রতীক হিসাবে ঘাসফুলের হয়ে কথা বলেছেন। আমরা যেন ঘাসফুলকে তুচ্ছ না ভাবি। তারাও আকাশের তারার মতন মাটির পৃথিবীতে ফুটে ওঠে সুন্দরের প্রতীক হয়ে.

**e) 'এই সবই তিনি দেখতে চান, বুঝতে চান'।- তিনি কে? তিনি কি কি দেখতে ও বুঝতে চান?**

তিনি হলেন কবি কাজী নজরুল ইসলাম।

কেন লক্ষ লক্ষ মানুষ বীরের মত সংগাম করে প্রান দিচ্ছে, কিভাবে ডুবুরিরা সমুদ্রতলথ থেকে রত্ন তুলে আনছে, কেমন করে আকাশে বিমান উড়ছে, সমুদ্রে জাহাজ ভাসছে, অভিযাত্রীরা পাড়ি দিচ্ছেন পাহাড়ের চূড়ায় বা গ্রহান্তরে - এই সব কিছুই তিনি দেখতে ও বুঝতে চান।

**f)কত সালে আমেরিকার কোন বিজ্ঞানী গবেষনা করে কি দেখেন এবং কি বুঝেছিলেন?**

১৭৫২ সালে আমেরিকার বিজ্ঞানী বেনজামিন ফ্রাঙ্কলিন গবেষনা করে দেখেন বিদ্যুতের স্ফুলিঙ্গ ও আকাশে বিদ্যুতের চমক সমধর্মী। তিনি বুঝেছিলেন বিদ্যুৎপ্রবাহের মাধ্যমেই আলো উৎপন্ন সম্ভব।

**C) 'প্রশ্ন' কবিতাটি কবির নামসহ শেষ চার লাইন মুখস্থ লিখ।** (1+4=5)

'প্রশ্ন'

রবীন্দ্রনাথ ঠাকুর

মনে কর না উঠল সাঁঝের তারা
মনে কর না সন্ধ্যে হল যেন।
রাতের বেলা দুপুর যদি হয়
দুপুর বেলা রাত হবে না কেন।।

**D) ব্যাকরণ থেকে উত্তর দাও:-** (2X5=10)

a) কোন দুটি বর্নকে ও কেন যৌগিক স্বর বলে?

দুটি করে মৌলিক বা মুল স্বর যোগ হয়েছে বলে ঐ এবং ঔ কে যৌগিক স্বর বলে।

b) পুরুষ কাকে বলে? ইহা কয় প্রকার ও কি কি?

যে সর্বনাম ও বিশেষ্যপদের দ্বারা বক্তা, শ্রোতা বা উদ্দিষ্ট ব্যক্তিকে চিহ্নিত করা হয় তাকে পুরুষ বলে। ইহা তিন প্রকার। উত্তম পুরুষ, মধ্যম পুরুষ ও প্রথম পুরুষ।

c) বচন কাকে বলে? ইহা কয় প্রকার ও কি কি?

যা দিয়ে সংখ্যা বোঝানো হয় তাকে বচন বলে। ইহা ২ প্রকার- একবচন ও বহুবচন।

d) সন্ধি শব্দের অর্থ কি? ইহা কয় প্রকার ও কি কি?

সন্ধি শব্দের অর্থ মিলন। ইহা তিন প্রকার- স্বরসন্ধি, ব্যঞ্জনসন্ধি ও বিসর্গসন্ধি।

e) সমার্থক শব্দ কাকে বলে? ইহাকে আর কি কি বলা হয়?

ভাষায় একই অর্থে ভিন্ন ভিন্ন শব্দের ব্যবহারকে বলে সমার্থক শব্দ। ইহাকে সমনাম বা প্রতিশব্দ ও বলা হয়।

**E) শুভ সংবাদ থেকে উত্তর দাও:-** (2X5=10)

a) স্বামী বিবাকানন্দের ডাক নাম কি ছিল? তার বাড়ী কোথায় ছিল?

বিবেকান্দের ডাক নাম ছিল বিলে। তার বাড়ী ছিল কলিকাতার সিমলাপল্লীতে

b) নরেন্দ্রনাথের বাবা ও মায়ের নাম কি ছিল?

বাবার নাম বিশ্বনাথ দত্ত ও মায়ের নাম ভুবনেশ্বরী দেবী।

c) 'আপনি কি কখনো ভগবান দেখেছেন'? কথাটি কে কাহাকে বলেছেন?

নরেন ঠাকুর শ্রী রামকৃষ্ণ কে বলেছেন

d) ভগবানের সর্বশ্রেষ্ঠ পূজ্য কি?

মানুষের সেবা ও শিবজ্ঞানে জীবসেবা হল ভগবানের সর্বশ্রেষ্ঠ পূজ্য ।

e) কার বিলম্ব দেখে যুধিষ্ঠির কাকে পাঠালেন?

নকুলের বিলম্ব দেখে যুধিষ্ঠির মহাদেবকে পাঠালেন।

**F) গরমের ছুটিতে বেড়িয়ে আসার পর বন্ধুকে পত্র লিখ।**

বারাকপুর, উত্তর ২৪ পরগনা।
১৪ / ০৯ / ২০২০

প্রিয় সৌভিক,

তোর চিঠি পেলাম অনেকদিন আগে। চিঠিতে জানলাম গরমের ছুটি আমার কেমন কেটেছে তাহা জানতে চেয়েছিস। এবারে গরমের ছুটি পুরো একমাস ছিল না। মাত্র আটারো দিন ছিল। প্রথম একসপ্তাহ বাড়ীতেই কেটেছে পড়াশোনার মধ্য দিয়ে। পরের সপ্তাহে প্রচন্ড গরমের মধ্যে আমরা সবাই পুরী গিয়েছিলাম। আরো ছয়টা দিন ওখানে থাকব বলে আমাদের খুব আনন্দ। সমুদ্র আর মন্দির পুরীর প্রধান আকর্ষন একথা বইতে পড়ে জেনেছি। কিন্তু প্রত্যক্ষ করার অভিজ্ঞতা সত্যিই অতুলনীয়। ভোরের আধো অন্ধকারে হোটেলের ঘর থেকেই কানে আসতে লাগল ঘনগম্ভীর মেঘের ডাকের মতন সমুদ্রের গর্জন। হোটেলের ঘর থেকে বের হয়ে সমুদ্রের সেই বিশাল ঢেউ এর ভেঙে পড়ার সৌন্দর্য যতই দেখছি ততই সে বিস্ময়ে হতবাক হয়ে যাচ্ছি। পাঁচ ছয়দিন আমরা সকাল বিকাল সারাক্ষন সমুদ্রতীরে ঘুরেই বেড়িয়েছি। মাঝখানে একটা দিন আকর্ষনীয় জগন্নাথ মন্দির দর্শনে গেলাম। সেখান থেকে নন্দনকানন, কোনারকের সূর্যমন্দির, উদয়গিরি, খন্ডগিরি দেখলাম। ফেরার দিন আমাদের প্রত্যেকের মন কষ্টে ভারাক্রান্ত।

পরের চিঠিতে তুই কেমন কাটালি জানাতে ভুলবি না। তোর পিতা ও মাতাকে আমার প্রনাম জানাবি। আর তোর প্রতি রইল ভালোবাসা।

ইতি তোর বন্ধু-
সায়ন

ঠিকানা
শ্রী সৌভিক দত্ত
প্রযত্নে সুব্রত দত্ত
আগরপারা,
কলকাতা- ১১০

**G) রচনা লেখ:- রবীন্দ্রনাথ ঠাকুর।** (5)

**ভূমিকা:-** কথায় বলে লক্ষী আর সরস্বতীর সঙ্গে একস্থানে মিলন হয় না। ব্যতিক্রম কিন্তু ভারতের অন্যতম বিত্তশালী জোড়াসাঁকোর ঠাকুর পরিবারে যেমন সৌভাগ্যের দেবী লক্ষীর করুনার অন্ত নেই তেমনি মা সরস্বতীর অকৃপন দানে পরিবারের মানুষগুলি বিস্মজয় করেছেন। বিশ্বকবি রবীন্দ্রনাথ এই পরিবারেই আবির্ভূত হন এবং বিশ্বের দরবারে ভারতবর্ষ কে এক শীর্ষে তুলে ধরেন।

**শৈশব ও শিক্ষা:-** জননী মা সারদা দেবী ও পিতা মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের যোগ্য সন্তান রবীন্দ্রনাথ ১৮৬১ সালের ৭ ই মে জোড়াসাঁকোতে জন্মগ্রহন করেন। ঠাকুর পরিবারের উন্নত সংস্কৃতির আলোয় শিশু রবীন্দ্রনাথ বেড়ে উঠতে থাকেন। বাড়ির চাকরদের অনুশাসনে কেটেছিল তার বাল্যকাল। শৈশবে কিছুদিন ওরিয়েন্টাল সেমিনারীতে পড়াশোনা করলেও বাড়িতে গৃহশিক্ষকদের কাছে তিনি পাঠগ্রহন করেন। প্রচলিত শিক্ষায় তার মন ভরেনি। পড়াশোনা ছাড়াও খেলাধুলা, সঙ্গীত, অভিনয়, চিত্রাঙ্কন সবকিছুতেই তিনি দিনে দিনে পারদর্শী হয়ে ওঠেন। কালক্রমে কিশোর কবি হয়ে ওঠেন ঠাকুর পরিবারের 'মধ্যমনি'।

সঙ্গীত ও নাটক পরিপূর্ণতা ও প্রস্তুতি:- মাত্র ১৩ বছর বয়সেই তার কবিতা প্রকাশিত হয়। পিতার নিকট পুরস্কৃত হন। অল্পবয়সেই দাদা জ্যোতিরিন্দ্রনাথের সাথে বিলেত যান এবং ফিরে এসে কাব্যচর্চা শুরু করেন। রচিত হল বাল্মিকীপ্রতিভা। শুরু হল তার যাত্রা। একে একে রচিত হতে থাকল ভানুসিংহের পদাবলী, মানসী, সোনার তরী, চৈতালী, ছবি ও গান, নৈবেদ্য, খেয়া, গীতাঞ্জলীর ফসলে ভরে উঠল কবির সৃষ্টি সাম্রাজ্য। পরবর্তী পর্যায়ে রচিত হল বলাকা, পলাতক, শ্যামলী, সানাই, শেষ সপ্তক, পুনশ্চ ইত্যাদি। শুধু কাব্য নয়, উপন্যাস, নাটক, ছোটগল্প, প্রবন্ধ, ভ্রমন কাহিনী- এসব নিয়ে তার বিশাল সাম্রাজ্য। তার লেখা কয়েক হাজার গান সারা বিশ্বে জনপ্রিয়। ১৯১৩ সালে গীতাঞ্জলী কাব্যের জন্য তিনি নোবেল পুরস্কার পান। বিভিন্ন রচনার মধ্য দিয়ে কবি মানুষের মধ্যে স্বদেশচেতনা সৃষ্টিতে সহায়তা করেন। কিন্তু জালিয়ানওয়ালাবাগ হত্যাকান্ডের প্রতিবাদে ইংরেজদের দেওয়া 'নাইট' উপাধি ত্যাগ করেন। বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় ও শান্তিনিকেতন আশ্রম- তার বিশ্বজোড়া দুটি খ্যাতি।

**উপসংহার:-** পৃথিবীতে যতদিন মানুষের মধ্যে ভালোবাসা, ভক্তিশ্রদ্ধা, স্বদেশপ্রেম থাকবে, ততদিন তিনি আমাদের মধ্যে থাকবেন। ১৯৪১ সালের ৭ ই আগষ্ট, বাংলার ১৩৬৮ সালের ২২ শে শ্রাবণ এই মহান ব্যক্তির মহাপ্রয়ান ঘটে।